

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
(নার্সিং শিক্ষা শাখা)
www.mefwd.gov.bd

নং-৫৯.০০.০০০০.১৪৩.০৬.০১.২০২০-১৩

তারিখঃ ০৯-০১-২০২০ খ্রিঃ


বিষয়ঃ বেসরকারি নার্সিং কলেজের পরিচালনা পর্ষদের কার্যক্রম প্রসঙ্গে।

সূত্রঃ স্বাশিপক/নার্সিং শিক্ষা/গভনিং বডি-০১/২০১৭/২১, তারিখঃ ২১-০১-২০১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি নার্সিং কলেজের পরিচালনা পর্ষদে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের কর্মকর্তাগণকে বেসরকারি নার্সিং কলেজের গভর্নিং বডির প্রতিনিধি হিসেবে মনোনয়ন প্রদান করা হয়। উক্ত গভর্নিং বডির কোন সভার নোটিশ অত্র শাখায় ইতোমধ্যে প্রেরণ করা হয়নি।

০২। এ সংক্রান্ত পত্রের শর্তে ও নীতিমালায় উল্লেখ আছে বছরে কমপক্ষে ০৪ (চার) বার গভর্নিং বডির সভা অনুষ্ঠিত হতে হবে এবং সভার সকল নোটিশ ও রেজুল্যুশন নার্সিং শিক্ষা শাখায় প্রেরণ করতে হবে। কিন্তু অদ্যাবধি কোন নার্সিং কলেজের গভর্নিং বডির সভা সংক্রান্ত কোন নোটিশ ও রেজুল্যুশন প্রেরণ করা হয়নি। এতে মন্ত্রণালয়ের কোন প্রতিনিধি সভায় অংশগ্রহণ করছে বা নার্সিং কলেজ কিভাবে চলছে তার অগ্রগতির বিষয়ে মন্ত্রণালয় অবগত নয়।

০৩। এমতাবস্থায়, এ যাবত গভর্নিং বডির কয়টি সভা হয়েছে, মন্ত্রণালয়ের কোন প্রতিনিধি উপস্থিত ছিলেন, হাজিরা সীটসহ রেজুল্যুশন এবং নোটিশের কপি সংশ্লিষ্ট নার্সিং শিক্ষা শাখায় আগামী ০৫ (পাঁচ) কর্ম দিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে বলা হলো। তাদের কার্যক্রম ও বিষয়টি পরবর্তীতে মেয়াদ বৃদ্ধি ও আসন বৃদ্ধির সময় গুরুত্বসহকারে বিবেচনা করা হবে।


০৯/০১/২০২০
(ইশরাত জামান)
উপসচিব
ফোন- ৯৫৪৬৪৪০

চেয়ারম্যান/অধ্যক্ষ (সকল),

.....
.....

নং-৫৯.০০.০০০০.১৪৩.০৬.০১.২০২০-১৩/১(১০০)


তারিখঃ ০৯-০১-২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে বাংলা নগর নার্সিং কলেজ একাডেমিক ভবন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২। ডীন, চিকিৎসা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা/সিলেট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট/চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম/রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়, রাজশাহী/.....
- ৩। কলেজ পরিদর্শক,.....
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

Letter

- ৬। সিস্টেম এ্যানালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৭। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, বিজয়নগর, ঢাকা ঢাকা (নিজস্ব ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। অতিরিক্ত সচিব (চিশি) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। অতিরিক্ত সচিব (নার্সিং শিক্ষা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।


০৭/০৩/২০২০
(ইশরাত জামান)
উপসচিব